গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অর্থ শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০২.২০.৬৬ তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯

১১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **বিভিন্ন মাদ্রাসার NTRCA বহির্ভূত পদে নিয়োগ কার্যক্রম সমাপ্তির ০৩ মাসের মধ্যে অনলাইনে এমপিওভুক্তির আবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী এমপিওভুক্ত মাদ্রসায় গভর্ণিংবডি ও ম্যানেজিং কমিটি কর্তৃক নিয়োগ বোর্ডের মাধ্যমে NTRCA বহির্ভূত পদে নিয়োগ দেয়া হয়। মাদ্রাসার চাহিদার প্রেক্ষিতে নিয়োগ বোর্ডে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন দেয়া হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নিয়োগ কার্যক্রম সমাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট মাদ্রাসা থেকে এমপিওভুক্তির জন্য MEMIS সফটওয়্যারে অনলাইনে আবেদন দাখিল করা হয় না। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় এমপিও ভুক্তির অবেদন অনলাইনে দাখিল না করে **মাসের পর মাস এমনকি বছরের পর বছর** ফেলে রাখা হয়। এর ফলে নিয়োগবোর্ড কর্তৃক মাদ্রাসায় নিয়োগকৃত শিক্ষক/কর্মচারী আর্থিক ক্ষতির সম্মুখীন হয়, সংশ্লিষ্ট মাদ্রাসা নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীর যথাযথ সেবা থেকে বঞ্চিত হয়, মামলার উদ্ভব হয়, এমনকি অহেতুক বিভিন্ন জটিলতারও সৃষ্টি হয়। তাছাড়া নিয়োগ প্রক্রিয়া সমাপ্তির দীর্ঘকাল পর এমপিওভুক্তির আবেদন দাখিল করা হলে ডকুমেন্ট/কাগজপত্রের সঠিকতা যাচাই করা কঠিন হয়ে পরে। অথচ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর পরই অনলাইনে এমপিওভুক্তির আবেদন দাখিল করা হলে এসব জটিলতা এড়ানো সহজ।

এমতাবস্থায়, এখন থেকে বিভিন্ন মাদ্রাসার NTRCA বহির্ভূত পদে নিয়োগ কার্যক্রম সমাপ্তির পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে MEMIS সফটওয়্যারে অনলাইনে এমপিওভুক্তির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ০৩ (তিন) মাসের মধ্যে আবেদন দাখিল করা সম্ভব না হলে **বিলম্বের কারণ যথাযথভাবে উল্লেখপূর্বক** নিয়োগ কার্যক্রম সমাপ্তির সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের মধ্যে অনলাইনে এমপিওভুক্তির আবেদন দাখিল করার সুযোগ পাওয়া যাবে। নিয়োগ কার্যক্রম সমাপ্তির পর ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হয়ে গেলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকে অনলাইনে এমপিওভুক্তির আবেদন দাখিল করা যাবে না। নিয়োগ কার্যক্রম সমাপ্তির পর ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হয়ে গেলে বিলম্বের কারণ উল্লেখপূর্বক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সকল কাগজপত্র/ডকুমেন্টসহ **হার্ডকপিতে ম্যানুয়ালী** এমপিওভুক্তির আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক বরাবর দাখিল করতে হবে।

১১-৯-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভাপতি/অধ্যক্ষ/সুপার.....(সকল এমপিওভুক্ত

কামিল/ফাজিল/আলিম/দাখিল মাদ্রাসা)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০২.২০.৬৬/১(২৬১) তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯

১১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) বিভাগীয় কমিশনার.......(সকল) [উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

২) অতিরিক্ত সচিব (মাদ্রাসা/প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) জেলা প্রশাসক .......(সকল)[উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

৪) রেজিষ্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৫) উপজেলা নির্বাহী অফিসার............(সকল)[উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

৬) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৭) জেলা শিক্ষা কর্মকর্তা ........(সকল)[উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

৮) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ...........(সকল)[উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

৯) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

১১-৯-২০২২
মোঃ লুৎফর রহমান
সহকারী পরিচালক (অর্থ)